রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৮, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৮শে এপ্রিল, ১৯৮৬

নং এস,আর,ও, ১৩৩-এল/৮৬—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদুদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ কর্ম কমিশনের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

## জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ-বিধি, ১৯৮৬

১। সংক্ষিপ্ত শিরোনাম—এই বিধিমালা জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধি, ১৯৮৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়ঃ—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে।

(খ) "সিলেকশন বোর্ড" বলিতে বিভাগীয় সিলেকশন বোর্ডকে বুঝাইবে।

(গ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে।

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে জেলা প্রশাসককে বুঝাইবে।

(ঙ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে।

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে।

(ছ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।



মূল্যঃ ৯০ পয়সা

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন উচ্চ মাধ্যমিক বোর্ডকে বুঝাইবে এবং এই বিধি-উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষাবোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ—

(ক) পদোন্নতির মাধ্যমে; এবং

(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**—(১) বাংলাদেশ কর্ম কমিশন/বিভাগীয় সিলেকশন বোর্ডের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না যদি তিনি ঃ—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইলড না হনঃ

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদিঃ—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহা পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় সিলেকশন বোর্ডের সুপারিশ ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে। তবে নিম্নতর শ্রেণীর পদ হইতে উচ্চতর শ্রেণীর পদে পদোন্নতি কমিশনের সুপারিশে দেওয়া হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচারণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কতৃপক্ষঃ

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস না করেন ও প্রশিক্ষণ গ্রহণ না করেন

তফসিল

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রশাসনিক কর্মকর্তা : | | | |
| | (ক) বেতনক্রম: ৪৭০—১১৩৫ ১০০০—২২৮০ (সংশোধিত বেতন স্কেল) | .. | (ক) ৫০% অফিস সুপারিনটেনডেন্টদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) সুপারিনটেনডেন্ট পদে অন্ততঃ ২ বৎসরের চাকুরীকাল থাকিতে হইবে। |
| | (খ) বেতনক্রম : সিলেকশন গ্রেড ৬২৫—১৩১৫—১৩৫০—২৭৫০ (সংশোধিত বেতন স্কেল) | | (খ) ৫০% ষ্টেনোগ্রাফার ও সি, এ-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (খ) ষ্টেনোগ্রফার ও সি, এ পদে অন্ততঃ ৫ বৎসরের চাকুরীকাল থাকিতে হইবে। |
| ২ | অফিস সুপারিনটেনডেন্ট বেতনক্রম : ৪০০—৮২৫ ৮৫০—১৭০০ (সংশোধিত বেতন স্কেল) | .. | প্রধান সহকারী ও উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ৪র্থ কলামে উল্লেখিত যে কোন একটি ফিডার পদে অথবা পদদ্বয়ে ২ বৎসরের চাকুরীকাল থাকিতে হইবে। |
| ৩ | লাইব্রেরিয়ান বেতনক্রম : ৪০০—৮২৫ ৮৫০—১৭০০ (সংশোধিত বেতন স্কেল) | ১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে বয়স হইতে হইবে। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী বিজ্ঞানে স্নাতক ডিগ্রী থাকিতে হইবে অথবা স্নাতক ডিগ্রী সহ লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা থাকিতে হইবে। |
| ৪ | সি, এ-কাম-উচ্চমান সহকারী বেতনক্রম : ৪০০—৮২৫ ৮৫০—১৭০০ (সংশোধিত বেতন স্কেল) | ঐ | প্রধান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ১ বৎসরের চাকুরীকাল থাকিতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | প্রধান সহকারী বেতনক্রম : ৩৭০—৭৪৫, ৮০০—১৬৬০ সংশোধিত বেতন স্কেল) | .. | উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসর চাকুরীকাল থাকিতে হইবে। |
| ৬ | উচ্চমান সহকারী বেতনক্রম : ৩২৫—৬১০, ৭৫০—১৫৫০ (সংশোধিত বেতন স্কেল) | .. | নিম্নমান সহকারী/রেকর্ড ক্লার্ক/লাইব্রেরী সহকারী/একাউনটেন্ট ক্লার্ক/কপিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ৪র্থ কলামে উল্লেখিত যে কোন একটি ফিডার পদ বা পদসমূহে ৩ বৎসর চাকুরীকাল থাকিতে হইবে। |
| ৭ | ষ্টেনোগ্রাফার, বেতনক্রম: ৪০০—৮২৫, ৮৫০—১৭০০ (সংশোধিত বেতন স্কেল) | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগ-বিধি অনুসরণ করিতে হইবে। | |
| ৮ | ষ্টেনো টাইপিষ্ট, বেতনক্রম : ৩৭০—৭৪৫ ৮০০—১৬৬০ (সংশোধিত বেতন স্কেল) | .. | ঐ | |
| ৯ | পরিসংখ্যান সহকারী, বেতনক্রম : ৩০০—৫৪০ ৭০০—১৪১৫ (সংশোধিত বেতন স্কেল) | ১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে বয়স হইতে হইবে। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক পাস। |
| ১০ | নিম্নমান সহকারী/রেকর্ড ক্লার্ক/লাইব্রেরী সহকারী/একাউনটেন্ট ক্লার্ক/কপিষ্ট বেতনক্রম: ৩০০—৫৪০ ৭০০—১৪১৫ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | ঐ |
| ১১ | টাইপিষ্ট, বেতনক্রম : ৩০০—৫৪০ ৭০০—১৪১৫ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগ বিধি অনুসারে করিতে হইবে। | |
| ১২ | প্রসেস সার্ভার, বেতনক্রম : ২৪০—৩৪৫ ৫৫০—৯৬০ (সংশোধিত স্কেল)। | | এম, এল, এস, এস পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের] চাকুরীকাল থাকিতে হইবে। |

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৩ | দপ্তরী, বেতনক্রম : ২৪০—৩৪৫ ৫৫০—৯৬০ (সংশোধিত বেতন স্কেল)। | .. | এম, এল, এস, এস পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের চাকুরীকাল থাকিতে হইবে। |
| ১৪ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর বেতনক্রম : ২৫০—৩৬২ (সংশোধিত বেতন স্কেল)। | .. | ঐ | ফিডার পদে ৩ বৎসর চাকুরী এবং এ ধরণের মেশিন চালনার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫ | এম, এল, এস, এস/নাইট গার্ড/ফরাশ/মালী বেতনক্রম : ২২৫—৩১৫ ৫০০—৮৬০ (সংশোধিত বেতন স্কেল)। | ১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে বয়স হইতে হইবে। | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পর্যন্ত। |
| ১৬ | সুইপার, বেতনক্রম : ২২৫—৩১৫ ৫০০—৮৬০ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পর্যন্ত অথবা পেশাগত সুইপার। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুল হক চিশতী

সচিব।

সংলগ্নী-খ

## বিজ্ঞপ্তি

ঢাকা, ২৮শে এপ্রিল, ১৯৮৬

নং এস, আর, ও, ১৩৪-এল/৮৬—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদুদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ কর্ম কমিশনের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

## বিভাগীয় কমিশনার অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ-বিধি, ১৯৮৬

১। **সংক্ষিপ্ত শিরোনাম**—এই বিধিমালা বিভাগীয় কমিশনার অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধি, ১৯৮৬ নামে অভিহিত হইবে ঃ—

২। **সংজ্ঞাসমূহ**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে।

(খ) "সিলেকশন বোর্ড" বলিতে বিভাগীয় সিলেকশন বোর্ডকে বুঝাইবে।

(গ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে।

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে বিভাগীয় কমিশনারকে বুঝাইবে।

(ঙ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে।

(চ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে।

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন উচ্চ মাধ্যমিক বোর্ডকে বুঝাইবে এবং এই বিধি উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে ঃ—

(ক) পদোন্নতির মাধ্যমে, এবং

(খ) সরাসরি নিয়োগ-এর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**—(১) বাংলাদেশ কর্ম কমিশন/বিভাগীয় সিলেকশন বোর্ডের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনিঃ—

(ক) বাংলাদেশ-এর নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইলড না হনঃ

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদিঃ—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহা পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয় না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য বিভাগীয় কমিশনার কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তির উল্লিখিত ফি সহ যথাযথ ফরমে নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন।

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় সিলেকশন বোর্ডের সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে। তবে নিম্নতর শ্রেণীর পদ হইতে উচ্চতর শ্রেণীর পদে পদোন্নতি কমিশনের সুপারিশে দেওয়া হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্দ্ধিত মেয়াদ থাকিলে তাহা সহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষঃ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে '৪' উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ না করেন ও প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তফসিল

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রশাসনিক কর্মকর্তা, বেতনক্রম : ৪৭০—১১৩৫ ১০০০—২২৮০ (সংশোধিত বেতন স্কেল)। | | প্রধান সহকারী, উচ্চমান সহকারীর এবং ষ্টেনোগ্রাফারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ৪র্থ কলামে উল্লেখিত যে কোন একটি ফিডার পদে বা পদসমূহে অন্ততঃ ৫ বৎসরের চাকুরীকাল সম্পন্ন করিতে হইবে। |
| ২ | প্রধান সহকারী, বেতনক্রম : ৩৭০—৭৪৫ ৮০০—১৬৬০ (সংশোধিত বেতন স্কেল)। | | উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের চাকুরীকাল থাকিতে হইবে। |
| ৩ | উচ্চমান সহকারী, বেতনক্রম : ৩২৫—৬১০ ৭৫০—১৫৫০ (সংশোধিত বেতন স্কেল)। | | নিম্নমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ঐ |
| ৪ | ষ্টেনোগ্রাফার, বেতনক্রম : ৪০০—৮২৫ ৮৫০—১৭০০ (সংশোধিত বেতন স্কেল)। | | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগ বিধি অনুসারে। | |
| ৫ | ষ্টেনো-টাইপিষ্ট, বেতনক্রম : ৩৭০—৭৪৫ ৮০০—১৬৬০ (সংশোধিত বেতন স্কেল)। | | ঐ | |
| ৬ | নিম্নমান সহকারী, বেতনক্রম : ৩০০—৫৪০ ৭০০—১৪১৫ (সংশোধিত বেতন স্কেল)। | ১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে। | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক পাশ। |
| ৭ | নাজির, বেতনক্রম : ৩০০—৫৪০ ৭০০—১৪১৫ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | ঐ | উচ্চ মাধ্যমিক পাশ। নাজির পদে নির্দ্ধারিত জামানত দিতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | টাইপিষ্ট, বেতনক্রম : ৩০০—৫৪০ ৭০০—১৪১৫ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | ঐ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশ। ইংরেজী প্রতি মিনিটে টাইপিং-৩০টি এবং বাংলায় ২০টি শব্দ টাইপ করিবার যোগ্য। |
| ৯ | দপ্তরী, বেতনক্রম : ২৪০—৩৪৫ ৫৫০—৯৬০ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | এম, এল, এস, এস, হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসর চাকুরীকাল সম্পন্ন করিতে হইবে। |
| ১০ | এম, এল, এস, এস/ফরাস/মালী বেতনক্রম : ২২৫—৩১৫ ৫০০—৮৬০ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পর্যন্ত। |
| ১১ | সুইপার, বেতনক্রম : ২২৫—৩১৫ ৫০০—৮৬০ (সংশোধিত বেতন স্কেল)। | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পর্যন্ত অথবা পেশাগত সুইপার। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: শামসুল হক চিশতী
সচিব।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মো: রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।